

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা মহানগরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৪টি প্রতিষ্ঠানকে ১.২০ লক্ষ টাকা জরিমানা

৫ জুন ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ২টি মোবাইল টিমের নেতৃত্বে ঢাকা মহানগরের উত্তরা ও উত্তরা পশ্চিম এলাকায় আজ বাজার তদারকি করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক জনাব মো: আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর উত্তরা পশ্চিম এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য/ইফতারী তৈরীর অপরাধে হিমালয় রেস্টুরেন্টকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে উত্তরা ফুড এন্ড সুইটসকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর উত্তরা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য/ইফতারী তৈরীর অপরাধে Great India Restaurant কে ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে Cheers কে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৮০,০০০/- (আশি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ২টি বাজার তদারকির মাধ্যমে ৪টি প্রতিষ্ঠানকে মোট ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আর্মড পুলিশ ব্যাটালিয়ান এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(মো: মাসুম আরেফিন)

সহকারী পরিচালক (তদন্ত)

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।